## জলঢাকা উপজেলা পরিষদের আগস্ট' ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব জি, আর, সারোয়ার<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জলঢাকা, নীলফামারী। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ হলরুম |
| সভার তারিখ | ঃ | ১৯-০৮-২০২৪ খ্রিঃ |
| সময় | ঃ | বেলা ঃ ১১:০০ টা |

সভাসদবৃন্দের উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য, সভায় অনুপস্থিত সদস্যের তালিকাঃ পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপস্থিত সভাসদবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি মোতাবেক নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ ঃ

সভায় জুলাই'২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে পরিসমর্থন ও দৃঢ়করণ করা হয়।

২। বিভাগীয় আলোচনা ঃ

| দপ্তর/বিভাগ/ সংস্থার নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উন্নয়ন কার্যক্রম | উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৪-২০২৫ ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)'র আওতায় চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য অত্র উপজেলার ইউনিয়ন পরিষদ সমুহ হতে বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণের নিমিত্ত তালিকা প্রনয়ন করা যেতে পারে। এডিপির বরাদ্দ পাওয়া মাত্রই উন্নয়ন প্রকল্পগুলো বাস্তবায়ন করা সহজ হবে বিধায় তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উন্নয়ণ প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আলোচ্য মাসে নরমাল ডেলিভারী ৬৫ জন, সিজার ০৮ জন, বহিঃ বিভাগে সেবা গ্রহীতার সংখ্যা ১২,৩৬৭ জন, আন্ত বিভাগে সেবা গ্রহীতার সংখ্যা ২,৬২৫ জন, জরুরী বিভাগে সেবা গ্রহীতার সংখ্যা ৭,০৩৭ জন, কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতার সংখ্যা ১৭,৮৯৬ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা ৩২৫ জন, নিউমোনিয়া রোগীর সংখ্যা ১৩১ জন, ডায়া টেস্ট ৯১ জনের মধ্যে ০২ জন পজেটিভ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হাসপাতালে আগত রোগীগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় ১২৬৮ হেক্টর জমিতে সরিষার আবাদ হয়েছে যা ভোজ্যতেলের আমদানি ১২% কমিয়েছে। চলতি আমন মৌসুমে সারের পর্যাপ্ত মজুদ আছে। মাঠ পর্যায়ে কৃষকদের সার্বক্ষনিক কৃষি পরামর্শ প্রদানের জন্য উপসহকারী কৃষি অফিসারগণকে নির্দেশনা দেওয়া হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গবাদিপ্রাণি ও হাস মুরগির চিকিৎসা প্রদান, টিকাদান কার্যক্রম ও অন্যান্য বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরও জানান লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধে টিকা প্রদান ও উঠান বৈঠক কার্যক্রম চলমান রয়েছে। | গবাদি পশুর রোগ নির্ণয় ও নিরাময়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের বিষয়ে তৎপর থাকতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আলোচ্য মাসে অত্র উপজেলার মোট সক্ষম সম্পতি ৮০৩০৮ জন,মোট পদ্ধতি গ্রহণকারীর ৬৪৫৮৫ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৪২% বিগত মাসে পদ্ধতি গ্রহণকারীর হার ছিল ৮০.৪০%। গত মাসে উপজেলায় মোট গর্ভবতী ২৪১২ জন এ মাসে নতুন গর্ভবতী ৩২২ জন।মোট গর্ভবতী মায়ের সেবা প্রদান করা হয়েছে ১৬৩২ জনকে। অত্র উপজেলার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্রে প্রাতিষ্ঠানিক নরমাল ডেলিভারি হয়েছে ৬৪ জন। মোট জীবিত শিশু জন্ম গ্রহণ করেছে ৩৩১ জন আলোচ্য মাসে মোট ২৮টি স্যাটেলাইট ক্লিনিকের মধ্যে সম্পাদিত হয়েছে ২৮টি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র দপ্তরের আওতায় মূল কর্মসূচী, সদাবিক, পল্লী প্রগতি, অপ্রধান শস্য, উদ্যোক্তা ঋণ কর্মসূচী, অসচ্ছল মুক্তিযোদ্ধা, আদর্শগ্রাম, গুচ্ছগ্রাম প্রকল্পের ঋণ কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর সহজ কুরআন শিক্ষা কেন্দ্র, প্রাক-প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষা কেন্দ্র ও বয়স্ক শিক্ষা কেন্দ্রের ক্লাস চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন |

৩। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ঃ

চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অধীনে বিভিন্ন ইউনিয়ন পরিষদের গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প বাচাই বাছাইয়ের জন্য প্রকল্প তালিকা সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। ।

৪। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ঃ

সভায় ইতোপূর্বে গৃহীত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে গৃহীত প্রকল্প অতিদ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট প্রকল্প চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

৫। হাট-বাজার উন্নয়ন তহবিল ঃ

সভায় জলঢাকা উপজেলার অর্ন্তগত কৈমারী, খুটামারা ও মীরগঞ্জ ইউনিয়নে অবস্থিত বিভিন্ন হাট বাজার উন্নয়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বিভিন্ন উন্নয়ন প্রকল্প প্রস্তাব করেন। এগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনাতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নযোগ্য উপস্থাপিত প্রকল্পসমূহ পরিশিষ্ট 'খ'তে এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য উপস্থাপিত প্রকল্পসমূহ পরিশিষ্ট 'গ'তে দেখানো হলো এবং উক্ত প্রকল্পসমূহের প্রাক্কলিত ব্যয় এবং প্রকল্প কমিটি সভায় অনুমোদন করা হলো।

৬। বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্ত ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে সকলকে সর্বদা সতর্ক অবস্থায় থাকতে হবে। এতদসংক্রান্ত কোন সংবাদ পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার(ভূমি), জলঢাকাকে মোবাইল ফোনে অবহিত করতে হবে। নিয়মিত মোবাইলকোর্ট পরিচালনা করা হচ্ছে। জনসচেতনতা বৃদ্ধির জন্য এ বিষয়ে বিভিন্ন সভা সেমিনারে উদ্বুদ্ধ করতে হবে। প্রতিটি ইউনিয়ন এবং মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে এ সংক্রান্ত কমিটিকে পরিস্থিতি মোকাবেলায় সর্বদা সচেতন থাকতে হবে। বাল্য বিবাহ জনস্বাস্থ্যের জন্য হুমকি স্বরূপ। কাজেই এটিকে সফলভাবে প্রতিরোধ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

৭। নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচারনার বিষয়ে অধিক গুরুত্ব আরোপ করেন। খাদ্যে যাতে জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকারক কেমিক্যাল ব্যবহার করা না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সকলকে অনুরোধ জানান।

৮। জাতীয় শুদ্ধাচার ঃ

উপজেলা নির্বাহী অফিসার সকল নাগরিকের অংশগ্রহণ ও সম্পৃক্ততা এবং সর্বজনীন প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে প্রাতিষ্ঠানিক উন্নয়নে দক্ষতাবৃদ্ধি, দুর্নীতি হ্রাস, যথাযথভাবে দারিদ্র বিমোচন ও উন্নত সেবা প্রদানের মাধ্যমে অত্র উপজেলায় সু-শাসন নিশ্চিত করার জন্য সকলকে অনুরোধ জানান। সকল দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য যথাসময়ে হালনাগাদ করার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান।

৯। Autism and Neurodevelopmental Disorders:

উপজেলা নির্বাহী অফিসার Autism and Neurodevelopmental Disorders বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচারনার উপর গুরুত্ব আরোপ করেন। প্রতিবন্ধী ব্যক্তিদের সার্বিক উন্নয়ন তথা তাদের অধিকার প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার অনুরোধ জানান।

১০। মাদক দ্রব্যের ব্যবহার নিরোধ ঃ

সভায় স্কুলগামী শিক্ষার্থী এবং তরুন সমাজ যাতে মাদকাসক্ত না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ বিভাগীয় কর্মকর্তাগণের এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের সজাগ দৃষ্টি রাখার এবং মাদকের কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্য সকলকে অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি, আর, সারোয়ার
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।

| | | | |
|---|---|---|---|
| পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর সহজ কুরআন শিক্ষা কেন্দ্র, প্রাক-প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষা কেন্দ্র ও বয়স্ক শিক্ষা কেন্দ্রের ক্লাস চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন |

৩। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ঃ

চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অধিনে বিভিন্ন ইউনিয়ন পরিষদের জনগুরুত্বপূর্ন উন্নয়ন প্রকল্প যাচাই বাছায়ের জন্য প্রকল্প তালিকা সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। ।

৪। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ঃ

সভায় ইতোপূর্বে গৃহীত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে গৃহীত প্রকল্প অতিদ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট প্রকল্প চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

৫। হাট-বাজার উন্নয়ন তহবিল ঃ

সভায় জলঢাকা উপজেলার অর্ন্তগত কৈমারী, খুটামারা ও মীরগঞ্জ ইউনিয়নে অবস্থিত বিভিন্ন হাট বাজার উন্নয়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বিভিন্ন উন্নয়ন প্রকল্প প্রস্তাব করেন। এগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নযোগ্য উপস্থাপিত প্রকল্পসমূহ পরিশিষ্ট 'খ'তে এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য উপস্থাপিত প্রকল্পসমূহ পরিশিষ্ট 'ঘ'তে দেখানো হলো এবং উক্ত প্রকল্পসমূহের প্রাক্কলিত ব্যয় এবং প্রকল্প কমিটি সভায় অনুমোদন করা হলো।

৬। বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্ত ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে সকলকে সর্বদা সতর্ক অবস্থায় থাকতে হবে। এতদসংক্রান্ত কোন সংবাদ পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার(ভূমি), জলঢাকাকে মোবাইল ফোনে অবহিত করতে হবে। নিয়মিত মোবাইলকোর্ট পরিচালনা করা হচ্ছে। জনসচেতনতা বৃদ্ধির জন্য এ বিষয়ে বিভিন্ন সভা সেমিনারে উদ্বুদ্ধ করতে হবে। প্রতিটি ইউনিয়ন এবং মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে এ সংক্রান্ত কমিটিকে পরিস্থিতি মোকাবেলায় সর্বদা সচেতন থাকতে হবে। বাল্য বিবাহ জনস্বাস্থ্যের জন্য হুমকি স্বরূপ। কাজেই এটিকে সমূলভাবে প্রতিরোধ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

৭। নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচারণার বিষয়ে অধিক গুরুত্ব আরোপ করেন। খাদ্যে যাতে জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকারক কেমিক্যাল ব্যবহার করা না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সকলকে অনুরোধ জানান।

৮। জাতীয় শুদ্ধাচার ঃ

উপজেলা নির্বাহী অফিসার সকল নাগরিকের অংশগ্রহণ ও সম্পৃক্ততা এবং সর্বজনিন প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে প্রাতিষ্ঠানিক উন্নয়নে দক্ষতাবৃদ্ধি, দুর্নীতি হ্রাস, যথাযথভাবে দারিদ্র বিমোচন ও উন্নত সেবা প্রদানের মাধ্যমে অত্র উপজেলায় সু-শাসন নিশ্চিত করার জন্য সকলকে অনুরোধ জানান। সকল দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য যথাসময়ে হালনাগাদ করার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান।

৯। Autism and Neurodevelopmental Disorders:

উপজেলা নির্বাহী অফিসার Autism and Neurodevelopmental Disorders বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচারণার উপর গুরুত্ব আরোপ করেন। প্রতিবন্ধী ব্যক্তিদের সার্বিক উন্নয়ন তথা তাদের অধিকার প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার অনুরোধ জানান।

১০। মাদক দ্রব্যের ব্যবহার নিরোধ ঃ

সভায় স্কুলগামী শিক্ষার্থী এবং তরুন সমাজ যাতে মাদকাসক্ত না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ বিভাগীয় কর্মকর্তাগণের এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের সজাগ দৃষ্টি রাখার এবং মাদকের কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্য সকলকে অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি, আর, সারোয়ার
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।
www.jaldhaka.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৩৬.০০০.০৫.০৭২.২৩- ৯৬৯ (৪৫) তারিখ: ২৮ আগস্ট' ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, নীলফামারী।
০৪। সিভিল সার্জন, নীলফামারী।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী।
০৬। প্রশাসক, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
০৭ উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নীলফামারী।
০৮। উপজেলা ..........................................কর্মকর্তা, জলঢাকা, নীলফামারী।
০৯। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী।
১০। জনাব ..................................................................................
১১। অফিস কপি।

২৮।৮।২৪

জি, আর, সারোয়ার
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী
ফোন: ০২-৫৮৯৯৫৯৮০৪

২৫/০৮/২৪

পরিশিষ্ট- 'গ'

কৈমারী ইউনিয়নের বিভিন্ন হাট- বাজার এবং খুটামারা ইউনিয়নের বিভিন্ন হাট-বাজারে ২০২৪-২০২৫ অর্থ বছরে হাট-বাজার উন্নয়ন তহবিলের অর্থে কোটেশনের মাধ্যমে গৃহীত প্রকল্প তালিকা"

| ক্রমিক | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | কৈমারী ইউনিয়নের বড়ঘাটি হাট বাজারের সেড এবং রাস্তা সংস্কার করন। | ৬,০০,০০০/- | |
| ০২ | খুটামারা ইউনিয়নের টেংগনমারী হাট বাজারের সেড সংস্কার করন। | ৬,০০,০০০/- | |
| ০৩ | মীরগঞ্জ হাটের মেইন রোড হতে গরুহাটির দক্ষিনের রাস্তা দুর্গামন্দির পর্যন্ত সিসি করন। | ৬,০০,০০০/- | |

ডা. আর. সারোয়ার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
জলঢাকা, নীলফামারী

পরিশিষ্ট- 'খ'

জলঢাকা উপজেলাধীন কৈমারী, খুটামারা ও মীরগঞ্জ ইউনিয়নের বিভিন্ন হাট- বাজারে হাট-বাজার উন্নয়ন তহবিলের অর্থে পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্প তালিকা"

(ক) প্রকল্পের নামঃ খুটামারা ইউনিয়নের বিভিন্ন হাটে নলকূপ স্থাপন। প্রাঃ মূল্য ঃ ২,০০,০০০/- টাকা

প্রকল্প কমিটিঃ
ক) জনাব মোঃ রকিবুল ইসলাম, চেয়ারম্যান, খুটামারা ইউপি- সভাপতি
খ) জনাব মোঃ আনিছুর রহমান গন্যমান্য ব্যক্তি, খুটামারা- সদস্য
গ) জনাব মোঃ রিপন, ব্যবসায়ী, খুটামারা- সদস্য
ঘ) জনাব মোঃ জালাল হোসেন, শিক্ষক, খুটামারা- সদস্য
ঙ) জনাব মোঃ মোহাম্মদদ্দল আলী, হাট কমিটির সদস্য, খুটামারা- সদস্য
চ) জনাব মোঃ আব্দুল মোনায়েম, ব্যবসায়ী, খুটামারা- সদস্য
ছ) জনাব মোঃ শাহিন আলম, সদস্য, খুটামারা ইউপি- সেক্রেটারী

(খ) প্রকল্পের নামঃ খুটামারা ইউনিয়নের বিভিন্ন হাটে ময়লা আবর্জনা ফেলার জন্য ভ্যান ক্রয় ও ডাস্টবিন নির্মাণ। প্রাঃ মূল্য ঃ ২,০০,০০০/-

প্রকল্প কমিটিঃ
ক) জনাব মোঃ রশিদুল ইসলাম, সদস্য, খুটামারা ইউপি- সভাপতি
খ) জনাব মোঃ ছানারুল ইসলাম, গন্যমান্য ব্যক্তি, খুটামারা- সদস্য
গ) জনাব মোঃ আমজাদ হোসেন, আনসার ভিডিপি সদস্য, খুটামারা- সদস্য
ঘ) জনাব মোঃ হাবিবুর রহমান, শিক্ষক, খুটামারা- সদস্য
ঙ) জনাব মোঃ মোহাম্মদদ্দল আলী, হাট কমিটির সদস্য, খুটামারা- সদস্য
চ) জনাব মোঃ মনোয়ার হোসেন বাবু, ব্যবসায়ী, খুটামারা- সদস্য
ছ) জনাব মোছাঃ রুজিনা বেগম, সদস্য, খুটামারা ইউপি- সেক্রেটারী

(গ) প্রকল্পের নামঃ কৈমারী ইউনিয়নের বিভিন্ন হাটে নলকূপ স্থাপন। প্রাঃ মূল্য ঃ ২,০০,০০০/- টাকা

প্রকল্প কমিটিঃ
ক) জনাব প্রমোধ চন্দ্র , সদস্য, কৈমারী ইউপি- সভাপতি
খ) জনাব মোঃ মশিউর রহমান, গন্যমান্য ব্যক্তি, কৈমারী সদস্য
গ) জনাব মোঃ আমজাদ হোসেন, হাট কমিটির সদস্য, কৈমারী সদস্য
ঘ) জনাব মোঃ দুলাল হোসেন, শিক্ষক, কৈমারী সদস্য
ঙ) জনাব নিত্যানন্দ রায়, গন্যমান্য ব্যক্তি, কৈমারী সদস্য
চ) জনাব মোঃ আব্দুর রউফ, গন্যমান্য ব্যক্তি, কৈমারী সদস্য
ছ) জনাব মোঃ তবিবুল ইসলাম, সদস্য, কৈমারী ইউপি- সেক্রেটারী

(ঘ) প্রকল্পের নামঃ কৈমারী ইউনিয়নের বিভিন্ন হাটে ময়লা আবর্জনা ফেলার জন্য ভ্যান ক্রয় ও ডাস্টবিন নির্মাণ। প্রাঃ মূল্য ঃ ২,০০,০০০/- টাকা

প্রকল্প কমিটিঃ
ক) জনাব, মোঃ তবিবুল ইসলাম,সদস্য, কৈমারী ইউপি- সভাপতি
খ) জনাব মোঃ শফিকুল ইসলাম, গন্যমান্য ব্যক্তি, কৈমারী সদস্য
গ) জনাব মোঃ রবিউল ইসলাম, হাট কমিটির সদস্য, কৈমারী সদস্য
ঘ) জনাব রঞ্জন কুমার, শিক্ষক, কৈমারী সদস্য
ঙ) জনাব সুকুমার রায়, গন্যমান্য ব্যক্তি, কৈমারী সদস্য
চ) জনাব মোঃ রুবেল হোসেন, গন্যমান্য ব্যক্তি, কৈমারী সদস্য
ছ) জনাব প্রমোধ চন্দ্র, সদস্য, কৈমারী ইউপি- সেক্রেটারী

(ঙ) প্রকল্পের নামঃ মীরগঞ্জ ইউনিয়নের বিভিন্ন হাটে নলকূপ স্থাপন। প্রাঃ মূল্য ঃ ২,০০,০০০/- টাকা

প্রকল্প কমিটিঃ
ক) জনাব মোঃ গোলাম মোস্তফা মানিক , চেয়ারম্যান, মীরগঞ্জ ইউপি- সভাপতি
খ) জনাব মোঃ ইসমাইল হোসেন, গন্যমান্য ব্যক্তি, মীরগঞ্জ সদস্য
গ) জনাব মোঃ খালেকুজ্জামান রনি, হাট কমিটির সদস্য, মীরগঞ্জ সদস্য
ঘ) জনাব মোঃ জিয়ারুল হক, শিক্ষক, মীরগঞ্জ সদস্য
ঙ) জনাব মানিক চন্দ্র রায়, গন্যমান্য ব্যক্তি, মীরগঞ্জ সদস্য
চ) জনাব মোঃ তহমিদার রহমান, গন্যমান্য ব্যক্তি, মীরগঞ্জ সদস্য
ছ) জনাব মোঃ মমিনুর রহমান, সদস্য, মীরগঞ্জ ইউপি- সেক্রেটারী

(চ) প্রকল্পের নামঃ মীরগঞ্জ হাটে মশিয়ারের দোকান হতে তহশিল অফিস পর্যন্ত ড্রেন সংস্কার ও ডাস্টবিন নির্মাণ। প্রাঃ মূল্য ঃ ২,০০,০০০/-

প্রকল্প কমিটিঃ
ক) জনাব মোঃ মমিনুর রহমান, সদস্য, মীরগঞ্জ ইউপি- সভাপতি
খ) জনাব মোঃ শফিকুল ইসলাম, গন্যমান্য ব্যক্তি, মীরগঞ্জ সদস্য
গ) জনাব মোঃ রবিউল ইসলাম, হাট কমিটির সদস্য, মীরগঞ্জ সদস্য
ঘ) জনাব বিশ্বনাথ রায়, শিক্ষক, মীরগঞ্জ সদস্য
ঙ) জনাব সুকুমার রায়, গন্যমান্য ব্যক্তি, মীরগঞ্জ সদস্য
চ) জনাব মোঃ রুবেল হোসেন, গন্যমান্য ব্যক্তি, মীরগঞ্জ সদস্য
ছ) জনাব এনামুল হক, সদস্য, মীরগঞ্জ ইউপি- সেক্রেটারী

জি, আর, সারোয়ার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ